

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ



# গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ডিসেম্বর ১৭, ২০১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ২৮ অগ্রহায়ণ ১৪২০ বঙ্গাব্দ/১২ ডিসেম্বর ২০১৩ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৩৮০-আইন/২০১৩।—এসিড নিয়ন্ত্রণ আইন, ২০০২ (২০০২ সনের ১নং আইন) এর ধারা ৫১ তে প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, এসিড (আমদানি, উৎপাদন, মজুদ, পরিবহন, বিক্রয় ও ব্যবহার) নিয়ন্ত্রণ বিধিমালা, ২০০৪ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার—

(ক) বিধি ৫ এর টেবিলের পরিবর্তে নিম্নরূপ টেবিল প্রতিস্থাপিত হইবে, যথা:—

“টেবিল

নং	লাইসেন্সের উদ্দেশ্য	লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ	লাইসেন্স ফি (টাকায়)
(১)	(২)	(৩)	(৪)
(১)	এসিড আমদানি	স্বরাষ্ট্র মন্ত্রণালয়	১,০০,০০০ (এক লক্ষ)
(২)	এসিড উৎপাদন	স্বরাষ্ট্র মন্ত্রণালয়	১,৫০,০০০ (এক লক্ষ পঞ্চাশ হাজার)
(৩)	এসিড বিক্রয়	সংশৃষ্টি জেলার ডেপুটি কমিশনার	৫,০০০ (পাঁচ হাজার)
(৪)	এসিড ব্যবহার	সংশৃষ্টি জেলার ডেপুটি কমিশনার	(ক) বাণিজ্যিক ব্যবহার: ১০০১ লিটারের উর্ধ্বে ২৫,০০০ (পেচিশ হাজার টাকা);

(১৩৯৯)

মূল্য ৪ টাকা ৮.০০

(১)	(২)	(৩)	(৪)
			<p>(খ) সাধারণ ব্যবহার: ১০ লিটার পর্যন্ত—</p> <p>(অ) শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠানের জন্য— ১,৫০০ (এক হাজার পাঁচশত টাকা);</p> <p>(আ) অন্যান্য ২,০০০ (দুই হাজার টাকা);</p> <p>(গ) সাধারণ ব্যবহার:</p> <p>অ) ১১ লিটার হতে ৫০ লিটার পর্যন্ত— ৩,০০০ (তিনি হাজার টাকা);</p> <p>(আ) ৫১ লিটার হতে ৫০০ লিটার পর্যন্ত—৫,০০০ (পাঁচ হাজার টাকা);</p> <p>(ই) ৫০১ লিটার হতে ১০০০ লিটার পর্যন্ত—১০,০০০ (দশ হাজার টাকা);</p>
(৫)	এসিড পরিবহন	সংশ্লিষ্ট জেলার ডেপুটি কমিশনার	৫,০০০ (পাঁচ হাজার টাকা)।”

(খ) বিধি ৩১ এর পর নিম্নরূপ নৃতন বিধি ৩১ক ও ৩১খ সংশ্লিষ্ট হইবে, যথা:—

“৩১ক। ইস্যুকৃত লাইসেন্সের মালিকানা ও অন্যান্য তথ্যাদি সংশোধন।—এই বিধিমালার অধীন কোন কোম্পানী বা প্রতিষ্ঠানের অনুকূলে ইস্যুকৃত লাইসেন্স এর মালিকানা ও অন্যান্য তথ্যাদি সংশোধনের ক্ষেত্রে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের অনুমোদনক্রমে উহা সংশোধন করা যাইবে।

৩১খ। লাইসেন্সধারীর মৃত্যুজনিত কারণে লাইসেন্সের মালিকানা পরিবর্তন।—(১) এই বিধিমালার অধীন কোন লাইসেন্স গ্রহণকারীর মৃত্যুজনিত কারণে আইনানুগ ওয়ারিশের অনুকূলে এসিড লাইসেন্স এর মালিকানা পরিবর্তন করা যাইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন মালিকানা পরিবর্তনের জন্য লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে হইবে এবং সেক্ষেত্রে ওয়ারিশের লাইসেন্স প্রাপ্তির ফি ব্যতীত লাইসেন্স প্রাপ্তির অন্যান্য যোগ্যতা থাকিতে হইবে।

(৩) উপ-বিধি (২) এ উল্লিখিত যোগ্যতা না থাকিলে বা ব্যবসা পরিচালনা না করিতে চাহিলে ওয়ারিশগণ কর্তৃক লাইসেন্সধারীর মৃত্যুর ১ (এক) বছরের মধ্যে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের নিকট স্বত্ত্ব ত্যাগপূর্বক লাইসেন্স এর মূল কপি জমা প্রদান করিতে হইবে।”

রাষ্ট্রপতির আদেশক্রমে

এফ এম গোহিন্দুল আলম  
সহকারী সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd